



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2021

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্ক রাজ্য বাজেটে অতিরিক্ত 2.5 বিলিয়ন মার্কিন ডলার রাজস্বকে স্বীকৃতি দিতে আইনসভার সাথে সম্মত হওয়ার কথা ঘোষণা করেছেন

অতিরিক্ত রাজস্ব অ্যানুয়াল কম্পেন্স ফোরকাস্টের অংশ হিসাবে স্বীকৃত এবং বৈশ্বিক মহামারী থেকে অর্থনৈতিক পুনরুদ্ধার প্রত্যাশা ছাড়িয়ে যাবার সময় করা হচ্ছে

রাজ্য এখনো একটি 17.5 বিলিয়ন মার্কিন ডলারের দুই বছরের রাজস্বের ক্ষতির সম্মুখীন, এবং যেহেতু COVID-19 অর্থনৈতিক অনিশ্চয়তাকে অব্যাহত রাখার কারণে ঝুঁকি রয়ে গেছে

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে দুই বছরে অতিরিক্ত রাজস্ব বাবদ 2.5 বিলিয়ন মার্কিন ডলারকে স্বীকৃতি দিতে আইনসভার উভয় কক্ষের সাথে ঐকমত্য হয়েছে। চুক্তিটি ঐকমত্যের রাজস্ব পূর্বাভাস প্রক্রিয়ার মাধ্যমে ঐক্যমত্যে পৌঁছানো হয়, যা বার্ষিক বাজেট প্রণয়নের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যার মাধ্যমে একজিকিউটিভ এবং লেজিস্লেচার অর্থনৈতিক ভবিষ্যদ্বাণী এবং এই ভবিষ্যদ্বাণী যে রাজস্ব প্রদান করবে সে বিষয়ে সম্মত হবে। এই ঐক্যমত্যের মাধ্যমে বর্তমান অর্থবছরে যা 31 মার্চ শেষ হবে প্রায় 1 বিলিয়ন মার্কিন ডলার এবং আগামী অর্থবছরে প্রায় 1.5 বিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত রাজস্ব স্বীকৃতি পাবে। কিন্তু, রাজ্য এখনো দুই বছরে 17.5 বিলিয়ন মার্কিন ডলার রাজস্বের ক্ষতির সাথে লড়াই করছে, এবং এই ঐক্যমত্য অনুযায়ী, উচ্চ ঝুঁকি রয়ে গেছে যেহেতু এখনো দেশ জুড়ে COVID-19 তার প্রভাব বিস্তার করে রেখেছে এই ঝুঁকির সাথে যে একে নিয়ন্ত্রণ করতে না পারার ফলে অর্থনীতির খাতগুলি আবার বন্ধ হয়ে যেতে পারে।

"যখন অর্থনীতি প্রত্যাশার বাইরে বাড়ছে এবং টিকার সরবরাহ নতুন আশা দিচ্ছে, তখন আমাদের অবশ্যই বুদ্ধিমান থাকতে হবে যেহেতু COVID-19 এর বিস্তার অব্যাহত আছে," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের অর্থনীতি পুরোপুরি পুনরুদ্ধারের জন্য, পূর্ববর্তী নেতৃত্ব নিউ ইয়র্ককে মহামারী থেকে রক্ষা করতে ব্যর্থ হওয়ার পর ফেডারেল সরকারকে অবশ্যই 15 বিলিয়ন মার্কিন ডলার সাহায্য প্রদান করতে হবে এবং রাজ্য এবং স্থানীয় করের (State And Local Tax, SALT) ছাড়যোগ্যতার উচ্চসীমার অবসান ঘটাতে হবে। এই ঐক্যমত্যে পৌঁছানোর জন্য এবং বাজেট প্রক্রিয়াকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সংসদকে ধন্যবাদ।"

এই ঐক্যমত্যের অধীনে, একজিকিউটিভ এবং লেজিস্লেচার নিউ ইয়র্ক রাজ্যে বেতন-ভিত্তিক কর্মসংস্থান অর্থবছরে 8.8 শতাংশ বৃদ্ধি পাবে

2022 সাল, যা 1 এপ্রিল থেকে শুরু হচ্ছে, বর্তমান অর্থবছরে নাটকীয়ভাবে 12.1 শতাংশ পতনের পর, 2021 অর্থবছরে। 2021 অর্থবছরে ব্যক্তিগত আয়ের বৃদ্ধি 6.5 শতাংশ এবং 2022 অর্থবছরে 2.8 শতাংশ এবং 2022 অর্থবছরে মজুরি বৃদ্ধির হার 6.4 শতাংশ হবে বলে ধারণা করা হচ্ছে, অর্থবছর 2021 এ 2.6 শতাংশের অবনতির পরে।

স্টেট বাজেট ডিরেক্টর রবার্ট এফ. মুজিকা বলেছেন, "প্রত্যাশার চেয়ে বেশি রাজস্ব আসছে একটি সুখবর, কিন্তু আমরা এখনো মহামারীর কারণে সৃষ্ট বিধ্বংসী রাজস্বের ক্ষতির সাথে লড়াই করছি যা আমাদের ফেডারেল সরকারকে অফসেট করতে হবে যাতে আমরা দুই বছর ধরে বেসলাইন পরিষেবা প্রদান করা চালিয়ে যেতে পারি। এই নতুন রাজস্বগুলি কেন্দ্রীয় তহবিল আর উপলব্ধ না হওয়ার পর বাইরের বছরগুলোতে ঘাটতি কমাতে ব্যবহার করা হবে।"

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)